



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

## সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।  
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal\_citycollege\_ctg@yahoo.com  
ওয়েব সাইট : www.gccc.edu.bd.



### বিজ্ঞপ্তি

তারিখ : ০৬/১১/২০২১।

২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তিচ্ছুক ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় মনোনীত সকল ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি ফি শিওর ক্যাশ'র মাধ্যমে পরিশোধ করে নিম্নোক্ত তারিখ ও সময়ের মধ্যে স্ব স্ব বিভাগে যাবতীয় কাগজপত্র জমা দিয়ে নিজ নিজ ভর্তি নিশ্চিত করার নির্দেশ দেয়া হল।

#### ছাত্রছাত্রীদের করণীয় :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের website ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) হতে ভর্তি ফরম Download করে (A4 সাইজের অফসেট সাদা কাগজে) প্রিন্টআউট করতে হবে।
- নির্ধারিত প্রক্রিয়ায় “রূপালী ব্যাংক শিওর ক্যাশ এডুকেশন পেমেন্ট”-এর মাধ্যমে আগামী ০৮/১১/২০২১ থেকে ১৩/১১/২০২১ তারিখ পর্যন্ত সময়ে নিম্নোক্ত ফি পরিশোধ করতে হবে।  
উক্ত পেমেন্ট নিজস্ব একাউন্ট হতে অথবা সংশ্লিষ্ট শিওর ক্যাশ এজেন্টের মাধ্যমে অথবা রূপালী ব্যাংকের নিকটস্থ শাখায় প্রদান করা যাবে।

#### ফি'র পরিমাণ

গ্রুপ	টাকার পরিমাণ
বাংলা / ইংরেজি/দর্শন/অর্থনীতি/হিসাববিজ্ঞান	২৩০২/-
পদার্থবিজ্ঞান/রসায়নবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/মনোবিজ্ঞান	২৪০২/-

শিওর ক্যাশ'র মাধ্যমে পরিশোধ যোগ্য।

- ফি পরিশোধের পর কলেজের ওয়েব সাইটে ([www.gccc.edu.bd](http://www.gccc.edu.bd)) On-line Admission এ গিয়ে ভর্তির রোল, বিভাগ ও শিফট সিলেক্ট করে Verify & Next বাটনে ক্লিক করে তথ্য ফরম পূরণের পর Save বাটনে ক্লিক করতে হবে। এরপর ফি পরিশোধের প্রাপ্ত SMS হতে Transaction ID প্রদান পূর্বক পূরণকৃত ফরম Download করে (A4 সাইজের অফসেট সাদা কাগজে) প্রিন্টআউট করতে হবে।
- নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কলেজে উপস্থিত হয়ে বিভাগীয় পাওনা (জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সেমিনার ফি ও শিক্ষা সফর ফি ইত্যাদি) পরিশোধ করতে হবে। একইসাথে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। [ফি'র পরিমাণ বিভাগ থেকে জেনে নেয়ার জন্য বলা হচ্ছে।]

বিভাগীয় পাওনা ও কাগজপত্র জমাদানের তারিখ	গ্রুপ
১০/১১/২০২১	বাংলা / ইংরেজি/দর্শন/অর্থনীতি/হিসাববিজ্ঞান
১৩/১১/২০২১	পদার্থবিজ্ঞান/রসায়নবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/মনোবিজ্ঞান


#### রূপালী ব্যাংক শিওর ক্যাশ এডুকেশন পেমেন্ট-এর মাধ্যমে ফি পরিশোধ করার নিয়মাবলী :

- শিওর ক্যাশ মোবাইল APP এর মাধ্যমে অথবা \*৪৯৫# ডায়াল করলে স্ব স্ব মোবাইল স্ক্রিনে শিওর ক্যাশ মেনু পাবে।
- শিওর ক্যাশ মেনুর ৩ চাপ দিয়ে (payment অপশন) send করতে হবে।
- Payee account or keyword : GCCCH টাইপ করে send বাটন চাপতে হবে।
- Student ID: অপশনে নিজ নিজ ভর্তির রোল নম্বর টাইপ করে send বাটন চাপতে হবে।
- স্ক্রিনে প্রদর্শিত শিক্ষার্থীর নাম, রেজিঃ নম্বর এবং টাকার পরিমাণ যাচাই করে নির্ধারিত ফি [যার ক্ষেত্রে যে ফি প্রযোজ্য] টাইপ করে send করতে হবে।
- পিন নম্বর (৪ ডিজিটের গোপন নম্বর) টাইপ করে payment confirm করত: ফিরতি Paid SMS পাওয়া যাবে।
- প্রতিবার payment এর জন্য ১.২৫% চার্জ প্রযোজ্য।


উল্লেখ্য, যে কোন সমস্যার জন্য শিওর ক্যাশ কাস্টমার কেয়ার ১৬৪৯৫ নম্বরে অথবা রূপালী ব্যাংকের নিকটস্থ যে কোন শাখায় যোগাযোগ করা যেতে পারে।

#### ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র : (সংশ্লিষ্ট বিভাগের নিম্নোক্ত কাগজপত্র জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।)

- অনলাইনে পূরণকৃত জাতীয় বিশ্ববিদ্যালয় ভর্তি ফরম এর প্রিন্টেড কপি।
- কলেজের পূরণকৃত ভর্তি ফরম এর প্রিন্টেড কপি।
- ভর্তি আবেদন ফরমের মূল কপি ও ফটোকপি (০১ কপি ফটোকপি শিক্ষার্থী নিজের নিকট সংরক্ষণে রাখবে)।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বর ফর্দ।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বর ফর্দ, রেজি: কার্ড প্রত্যেকটির ০২টি করে ফটোকপি।
- কলেজের সীল সম্বলিত ১টি বড় খাম(১৪" x ১০") নিজ নিজ ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত ১টি ছোট খাম (১০" x ৪") (যা কলেজ ক্যাম্পাসে পাওয়া যাবে, বাহিরের খাম গ্রহণযোগ্য নয় [সাইজের তারতম্য না হওয়ার জন্য])
- পাসপোর্ট সাইজের ৪ কপি রঙিন ছবি ও ২কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি।

  
অধ্যক্ষ

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

  
৬/১১/২০২১